

🗏 আল-জাসিয়া | Al-Jathiya | ٱلْجَاثِيَة

আয়াতঃ ৪৫: ৩২

া আরবি মূল আয়াত:

وَ إِذَا قِيلَ إِنَّ وَعدَ اللهِ حَقُّ وَّ السَّاعَةُ لَا رَيبَ فِيهَا قُلتُم مَّا نَدرِى مَا السَّاعَةُ إِن نَظُنُّ إِلَّا ظَنَّا وَ مَا نَحنُ بمُستَيقِنِينَ ﴿٣٢﴾

আর যখন বলা হয়, 'আল্লাহর ওয়াদা সত্য, আর কিয়ামতে কোন সন্দেহ নেই'। তখন তোমরা বলে থাক, 'আমরা জানি না কিয়ামত কী? আমরা কেবল অনুমান করি এবং আমরা তো দৃঢ় বিশ্বাসী নই।' — আল-বায়ান

যখন বলা হয়- আল্লাহর প্রতিশ্রুতি সত্য আর ক্নিয়ামতের আগমনে কোনই সন্দেহ নেই, তখন তোমরা বলতে-'আমরা জানি না ক্নিয়ামত কী? আমরা মনে করি তা শুধু ধারণা মাত্র, আর (তাতে) আমরা নিশ্চিত বিশ্বাসী নই'। — তাইসিক্রল

যখন বলা হয়ঃ আল্লাহর প্রতিশ্রুতি সত্য এবং কিয়ামাত - এতে কোন সন্দেহ নেই, তখন তোমরা বলে থাকঃ আমরা জানিনা কিয়ামাত কি; আমরা মনে করি এটা একটি ধারনা মাত্র এবং আমরা এ বিষয়ে নিশ্চিত নই। — মুজিবুর রহমান

And when it was said, 'Indeed, the promise of Allah is truth and the Hour [is coming] - no doubt about it,' you said, 'We know not what is the Hour. We assume only assumption, and we are not convinced.' "— Sahih International

৩২. আর যখন বলা হয়, নিশ্চয় আল্লাহর প্রতিশ্রুতি সত্য; এবং কিয়ামত— এতে কোন সন্দেহ নেই, তখন তোমরা বলে থাক, আমরা জানি না কিয়ামত কী; আমরা কেবল অনুমান করি এবং আমরা তো দৃঢ় বিশ্বাসী নই।

তাফসীরে জাকারিয়া

(৩২) আর যখন বলা হত, 'নিঃসন্দেহে আল্লাহর প্রতিশ্রুতি সত্য এবং কিয়ামত (সত্য), এতে কোন সন্দেহ নেই', তখন তোমরা বলতে, 'কিয়ামত কি? আমরা জানি না; আমরা এ বিষয়ে ধারণা করি মাত্র এবং আমরা এ বিষয়ে নিশ্চিত নই।' [1]



[1] অর্থাৎ, কিয়ামত সংঘটিত হওয়ার ব্যাপারটা কেবল ধারণা ও অনুমান। আমরা তো নিশ্চিত নই যে, তা সংঘটিত হবে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4505

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন